

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৩৮

১/ পবিত্রতা (ﷺ) यो। کتاب الطهارة عن رسول الله

পরিচ্ছেদঃ কাপড় থেকে হায়েযের রক্ত ধৌত করা।

باب مَا جَاءَ فِي غَسْلِ دَمِ الْحَيْضِ مِنَ الثَّوْبِ

আরবী

حَدَّثَنَا الْبُنُ أَبِي عُمَرَ، حَدَّثَنَا سُفْيَانُ بْنُ عُينْنَةَ، عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ، عَنْ فَاطِمَةَ بِنْتِ الْمُنْذِرِ، عَنْ أَسْمَاءَ بِنْتِ أَبِي بَكْرٍ، أَنَّ امْرَأَةً، سَأَلَتِ النَّبِيَّ صلى الله عليه وسلم عَنِ الْمُنْذِرِ، عَنْ أَسْمَاءَ بِنْتِ أَبِي بَكْرٍ، أَنَّ امْرَأَةً، سَأَلَتِ النَّبِيَّ صلى الله عليه وسلم " حُتِيهِ ثُمَّ الْتُوْبِ يُصِيبُهُ الدَّمُ مِنَ الْحَيْضَةِ فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " حُتِيهِ ثُمَّ اقْرُصِيهِ بِالْمَاءِ ثُمَّ رُشِيهِ وَصَلِّي فِيهِ ". قَالَ وَفِي الْبَابِ عَنْ أَبِي هُرَيْرَةَ وَأُمْ قَيْسٍ بِنْتِ مِحْصَنِ . قَالَ أَبُو عِيسَى حَديثُ أَسْمَاءَ فِي غَسْلِ الدَّمِ حَديثٌ حَسَنٌ صَحِيحٌ . وَقَد اخْتَلَفَ أَهْلُ الْعِلْمِ مِنَ الْعَلْمِ فِي الدَّمِ يَكُونُ عَلَى الثَّوْبِ فَيُصَلِّي فِيهِ قَبْلَ أَنْ يَغْسِلَهُ قَالَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ مِنَ التَّابِعِينَ إِذَا كَانَ الدَّمُ مَوْدَارَ الدِّرْهَمِ فَلَمْ يَغْسِلْهُ وَصَلَّى فِيهِ أَعَادَ الصَّلاَةَ . وَهُو قَوْلُ سُفْيَانَ الْعُلْمِ مِنَ التَّابِعِينَ وَغَيْرِهِمْ عَلَيْهِ الإِعَادَة وَقَالَ الشَّافِعِيُّ يَجِبُ عَلَيْهِ الْإِعْادَة وَإِنْ كَانَ أَكْثَرَ مِنْ قَدْرِ الدِّرْهَمِ وَشَدَّدُ وَإِسْحَاقُ . وَقَالَ الشَّافِعِيُّ يَجِبُ عَلَيْهِ الْإِعْادَة وَإِنْ كَانَ أَكْثَرَ مِنْ قَدْرِ الدِّرْهَمِ وَشَدَّدُ وَإِسْحَاقُ . وَقَالَ الشَّافِعِيُّ يَجِبُ عَلَيْهِ الْعِلْمِ وَلَا السَّافِعِيُّ يَجِبُ عَلَيْهِ الْعَلْمُ وَإِنْ كَانَ أَقُلُ الْعِلْمُ مِنْ التَّابِعِينَ وَغَيْرِهِمْ عَلَيْهِ الْإِعَادَة وَإِنْ كَانَ أَقْلَ السَّافِعِيُّ يَجِبُ عَلَيْهِ الْعَلْمُ وَيَا لَاسَّافِعِيُّ يَجِبُ عَلَيْهِ الْعَلْسُ وَإِنْ كَانَ أَقَلَ السَّافِعِيُّ يَجِبُ عَلَيْهِ وَلَالْ فِي ذَلِكَ .

বাংলা

১৩৮. ইবনু আবী উমর আসমা বিনত আবী বকর রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণনা করেন যে, জনৈক মহিলা কাপড়ে হায়যের রক্ত লাগলে এর পাক করা সম্পর্কে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে জিজ্ঞাসা করলে তিনি বলেছিলেনঃ প্রথমে তা খুচিয়ে তুলে ফেল, পরে পানি ভিজিয়ে আঙ্গলে রগড়ে নাও এরপর তাতে পানি ঢেলে দাও আর তা পরে সালাত আদায় করতে থাক। - ইবনু মাজাহ ৬২৯, বুখারি ও মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ১৩৮ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আবূ হুরায়রা ও উম্মু কায়স বিনত মিহসান রাদিয়াল্লাহু আনহা থেকেও হাদিস বর্ণিত আছে। ইমাম



আবৃ ঈসা তিরমিয়ী বলেনঃ রক্ত ধৌত করা সম্পর্কিত আসমা রাদিয়াল্লাহু আনহা বর্ণিত হাদিসটি হাসান ও সহীহ। কাপড়ে রক্ত লাগলে তা ধৌত করার পূর্বে সেই কাপড়ে সালাত আদায় করা সম্পর্কে আলিমদর মধ্যে মতবিরোধ রয়েছে। তবিঈনদের কতক আলিমের অভিমত হল, এক দিরহাম পরিমাণ রক্ত হলে তা ধৌত না করে যদি কেউ সেই কাপড়ে সালাত আদায় করে তবে তা পুনরায় আদায় করতে হবে। অপর একদল বলেন রক্তের পরিমাণ যদি এক দিরহামের অতিরিক্ত হয় তবে সালাত পুনরায় আদায় করতে হবে। সুফইয়ান ছাওরী [ইমাম আবৃ হানীফা] এবং ইবনু মুবারকের অভিমতও এ-ই। তাবিঈ ও পরবর্তী যুগের ফকীহ আলিমদের কেউ কেউ রক্তের পরিমাণ এক দিরহামের চেয়ে বেশি হলেও সালাত পুনরায় আদায় করাতে হবে বলে অভিমত পোষণ করেন না। ইমাম আহমদ ও ইসহাক (রহঃ) এর অভিমত এ-ই। ইমাম শাফিঈ এই বিষয়ে কঠোর মনোভাব পোষণ করেন। তিনি বলেন, রক্তের পরিমাণ এক দিরহাম থেকে কম হলেও তা ধৌত করা ওয়াজিব।

English

Asma' bint Abu Bakr narrated that:

a woman asked the Prophet about a garment that was touched by some menstrual blood. So Allah's Messenger said: "Remove it, and scrub it, then rinse it and pray in it"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আসমা বিন্তু আবু বাকর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন